

**সুজিত বোস**  
রাষ্ট্রমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত)  
অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা দপ্তর  
এবং  
রাষ্ট্রমন্ত্রী  
বন দপ্তর  
পশ্চিমবঙ্গ সরকার  
মোবাইল : ৯৮৩০০ ৫৩৩৪৭



**SUJIT BOSE**  
MINISTER OF STATE  
(INDEPENDENT CHARGE)  
DEPARTMENT OF FIRE AND EMERGENCY SERVICES  
&  
MINISTER OF STATE  
FOREST DEPARTMENT  
GOVERNMENT OF WEST BENGAL  
Mob. : 98300 53347  
E-mail : mosaicfiredepartment@gmail.com

ই-মেল : mosaicfiredepartment@gmail.com

D.O. No. 12/MOST/F

Date 07/07/2020

**বনমহোৎসব - ২০২০**  
**শুভেচ্ছা বার্তা**  
**রাষ্ট্রমন্ত্রীর আবেদন**

আমাদের রাজ্য পশ্চিমবঙ্গ অরণ্য সম্পদ ও জীববৈচিত্রে অত্যন্ত সমৃদ্ধ। আমাদের রাজ্যের উত্তরে পার্বত্য নাতিশীতোষ্ণ বনাঞ্চল থেকে শুরু করে সুদূর দক্ষিণের বাদাবন, মধ্যে গ্রীষ্মপ্রধান বৃষ্টিময় চিরহরিৎ ও শুষ্ক পর্ণমোচী বনভূমি পশ্চিমবঙ্গকে জীব বৈচিত্রের গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসেবে গড়ে তুলেছে। বিশ্বব্যাপী নির্বিচারে বন ধ্বংস, জলাভূমির সংকোচন, বাস্তুতন্ত্রের পরিবর্তন এসব কিছুই বিশ্ব উষ্ণায়ন ও নানা রকম প্রাকৃতিক বিপর্যয়ের কারণ। একদিকে করোনা মহামারী অন্যদিকে আমফানের মত প্রকৃতির রোষানলে আজ আমরা গভীর সঙ্কটে। আমফানের তান্ডব বহু সবুজ ধ্বংস করেছে এবং আমাদের সুন্দরবনের ম্যানগ্রোভ অরণ্যেরও বহু ক্ষতি করেছে। ফলে সবুজায়ন খুবই দরকার। সবুজায়ন ও জৈব বৈচিত্রের সংরক্ষণই পারে আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে রক্ষা করতে।

তাই আসুন আমরা সকলে সামিল হই বনমহোৎসবে (১৪ই জুলাই ২০২০), ব্যাপক বৃক্ষরোপণ, সবুজায়নের মাধ্যমে গড়ে তুলি সোনার বাংলা, সবুজ বাংলা, সৃষ্টি করি অনন্য নজির।

(সুজিত বোস)  
রাষ্ট্রমন্ত্রী  
বন দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার